প্রথম সাময়িক পরীক্ষা২০২০'র জন্য সংক্ষিপ্ত সাজেশন :

১। সংক্ষিপ্ত প্রশ্নোত্তর :

অধ্যায় ৯-১৪ এর রিডিং থেকে শিখবে।

২। শূন্যস্থান পূরণ :

অধ্যায় ৯-১৪ এর রিডিং থেকে শিখবে।

৩। বাম-ডাম মিলকরণ :

অধ্যায় ৯-১৪ এর রিডিং থেকে শিখবে।

৪। বর্ণনামূলক ও কাঠামোবদ্ধ প্রশ্নোত্তর : (যোগ্যতাভিত্তিক)

অধ্যায় -৯

১। প্রযুক্তি কী? বিজ্ঞান ও প্রযুক্তির পার্থক্য ব্যাখ্যা কর।

২। বিজ্ঞান কী? প্রযুক্তি কীভাবে বিজ্ঞানের জ্ঞানকে ব্যবহার করে?

৩। বিজ্ঞানীরা অনুসন্ধানের ক্ষেত্রে এক ধরনের পদ্ধতি অনুসরণ করেন।তাদের অনুসরণীয় পদ্ধতির নাম কী? এর কয়টি ধাপ রয়েছে ও কী কী? প্রথম ধাপটির বিবরণ তিন বাক্যে লেখ।

৪। সবুজ প্রতিদিন বাসে করে স্কুলে যায়।সে কোন ধরনের প্রযুক্তি ব্যবহার করে? এ প্রযুক্তির আরও তিনটি উদাহরণ দাও।পরিবেশের ওপর এ প্রযুক্তির দুটি ক্ষতিকর প্রভাব লেখ।

৫। প্রযুক্তির বিকাশ কেন ঘটে? প্রযুক্তির অপব্যবহারের চারটি উদাহরণ দাও।

৬। শিক্ষা, চিকিৎসা ও কৃষি ক্ষেত্রে ব্যবহৃত একটি করে প্রযুক্তির নাম ও প্রতিটি প্রযুক্তিতে ব্যবহৃত একটি বৈজ্ঞানিক জ্ঞানের নাম লেখ।

৭। জৈব প্রযুক্তি কী? দুইটি করে প্রাচীন ও আধুনিক কৃষি প্রযুক্তির নাম লেখ।কৃষি প্রযুক্তি কীভাবে আমাদের জীবনমান উন্নত করে তা তিন বাক্যে লেখ।

৮। দ্রুত যোগাযোগের জন্য ব্যবহৃত দুটি প্রযুক্তির নাম লেখ।"প্রযুক্তি স্থির থাকে না ক্রমাগত বদলে যায়।" উক্তিটি চার বাক্যে উল্লেখ কর।

অধ্যায়-১০

১। ইন্টারনেট কী? ইন্টারনেটের চারটি ব্যবহার লেখ।

২। তথ্য কী? তথ্য কেন গুরুত্বপূর্ণ? তিনটি তথ্য সংরক্ষণ প্রযুক্তির নাম লেখ।

৩। তথ্য বিনিময় কী? তোমার একজন বন্ধু পাকিস্তানে থাকে।তুমি তার সাথে তথ্য বিনিময় করতে চাও।কোন কোন উপায়ে তুমি তার সাথে তথ্য বিনিময় করতে পার? এর জন্য তোমার কী কী প্রযুক্তির দরকার হবে?

৪। জান্নাত কম্পিউটারের নেটওয়ার্কের মাধ্যমে তথ্য পেতে কিছু মৌলিক ধাপ অনুসরণ করে। জান্নাতের এই নেটওয়ার্ক মাধ্যমটির নাম কী?সে আর কীসের সাহায্যে এই নেটওয়ার্ক ব্যবহার করতে পারে? এই মাধ্যমে তথ্য সংগ্রহের চারটি ধাপ লেখ।

৫। তুমি গণমাধ্যমে জানতে পারলে বিশ্বজুড়ে করোনা ভাইরাস সংক্রমণের প্রকোপ বেড়েছে।এই তথ্য তোমাকে কী করতে সাহায্য করবে তা দুই বাক্যে লেখ।এই তথ্য বিনিময়ের ক্ষেত্রে তুমি কী করবে তা চার বাক্যে লেখ।

৬। তথ্য বিনিময়ের চারটি মাধ্যমের নাম লেখ।বাংলাদেশে ঘূর্ণিঝড় আসছে- এটি জানার পর তুমি কী করবে? এ সম্পর্কে চারটি বাক্য লেখ।সাকিব রেডিওতে খেলার স্কোর শুনছে।এ কাজে কোন প্রযুক্তি ব্যবহার করা হয়? এ প্রযুক্তির দুইটি উদাহরণ দাও।এ প্রযুক্তির সাহায্যে তথ্য বিনিময়ের তিনটি উপায় লেখ।

৭। দুইটি সার্চ ইঞ্জিনের নাম লেখ।শিক্ষাক্ষেত্রে তথ্যপ্রযুক্তির পাঁচটি ব্যবহার লেখ।

অধ্যায়-১১

১। বায়ুচাপ কী? নিম্নচাপ কীভাবে সৃষ্টি হয়? পাঁচটি বাক্যে লেখ।

২। আবহাওয়ার চারটি উপাদানের নাম লেখ।আবহাওয়া ও জলবায়ুর মধ্যে চারটি পার্থক্য লেখ।

৩। জলবায়ু কী? জলবায়ুর পরিবর্তন রোধে করণীয় পাঁচটি কাজ উল্লেখ কর।

৪। বৈশ্বিক উষ্ণায়ন কী? পৃথিবীর বায়ুমন্ডলে কার্বন ডাই অক্সাইড গ্যাস বেড়ে যাওয়া কারণগুলো পাঁচ বাক্যে লেখ।

৫। গ্রিনহাউজ কী? শীতপ্রধান দেশে কী উদ্দেশ্যে গ্রিনহাউজ বানানো হয়?পাঁচটি বাক্যে লেখ।

৬। তিনটি গ্রিনহাউজ গ্যাসের নাম লেখ।বৈশ্বিক উষ্ণায়নের দুটি কারণ লেখ।প্রতিকূল পরিবেশেটিকে থাকতে তোমার দুটি করণীয় লেখ।

৭। কালবৈশাখী কী? কালবৈশাখী ঝড় সৃষ্টির কারণ ব্যাখ্যা করে পাঁচটি বাক্য লেখ।

**অধ্যায়-১২**

১। অভিযোজন কী? জলবায়ু পরিবর্তনের হার কমানোর জন্য আমাদের পাঁচটি করণীয় লেখ।

২। পৃথিবীর গড় তাপমাত্রা ধীরে ধীরে বাড়ছে।এ অবস্থাকে কী বলে? এর দুটি কারণ লেখ।এ অবস্থা রোধের তিনটি উপায় উল্লেখ কর।

৩। জীবাশ্ম জ্বালানি কী? বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র কলকারখানা ও যানবাহনে বিভিন্ন জীবাশ্ম জ্বালানি পোড়ানো হয়।এরূপ ২টি জীবাশ্ম জ্বালানির নাম লেখ।জীবাশ্ম জ্বালানি পোড়ানোর ফলে কোন গ্যাস নির্গত হয়? এটি কীভাবে পৃথিবীর তাপমাত্রা বৃদ্ধি করছে তা ২টি বাক্যে লেখ।

**অধ্যায়-১৩**

১। প্রাকৃতিক সম্পদ কী? নবায়নযোগ্য সম্পদ ও নবায়নযোগ্য সম্পদ বলতে কী বোঝায়?সৌরশক্তির সুবিধা কী? দুইটি বাক্যে লেখ।

২। তোমার মা প্রাকৃতিক গ্যাস ব্যবহার করে রান্না করেন।এটি কী ধরনের এরূপ দুইটি সম্পদের নাম উল্লেখ কর।এ জাতীয় সম্পদ সংরক্ষণ করার তিনটি উপায় লেখ।

৩। দুটি নবায়নযোগ্য সম্পদের নাম লেখ।প্রাকৃতিক সম্পদের দুইটি গুরুত্ব লেখ।এ সম্পদ সংরক্ষণের দুইটি উপায় লেখ।

৪। কোন প্রাকৃতিক সম্পদ থেকে কাচ তৈরি হয়? একটি মানবসৃষ্ট সম্পদের নাম লেখ।প্রাকৃতিক সম্পদ ও মানবসৃষ্ট সম্পদের মধ্যে তিনটি পার্থক্য লেখ।

**অধ্যায়-১৪**

১। পৃথিবীর অন্য দেশের তুলনায় আমাদের দেশের জনসংখ্যার ঘনত্ব বেশি? এর মূল কারণ দুটি বাক্যে লেখ।এর সাথে সাথে মানুষের চাহিদা বাড়ছে কেন তা দুইটি বাক্যে লেখ।এই বৃদ্ধির ফলে পরিবেশের যে সকল উপাদানের উপর চাপ বাড়বে তার ২টি উদাহরণ দাও।

২। জনসংখ্যার ঘনত্ব কী? জনসংখ্যার দ্রুত বৃদ্ধি মানুষের মৌলিক চাহিদাসমূহের উপর কী ধরনের প্রভাব ফেলবে সে সম্পর্কে পাঁচটি বাক্য লেখ।

৩। মৌলিক চাহিদা কী? জনসংখ্যা বৃদ্ধির ফলে মানুষের জীবনে কী কী সমস্যা সৃষ্টি হয়? এ সম্পর্কে তিনটি বাক্য লেখ।

৪। হাইব্রিড গাড়ি  কী? বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার প্রয়োজনীয়তা চার বাক্যে লেখ।

৫। প্রাকৃতিক সম্পদের ওপর চাপ বাড়ার প্রধান কী?জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তরিত করার চারটি উপায় লেখ।